

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ ফলিত পুষ্টি গবেষণা ও প্রশিক্ষণ ইনস্টিটিউট (বারটান)
কৃষি মন্ত্রণালয়
আঞ্চলিক কার্যালয়, সিরাজগঞ্জ।
www.birtan.sirajganj.gov.bd

২৪ পৌষ ১৪৩০ বঙ্গাব্দ

স্মারক নং- ১২.০৯.৮৮০০.০০১.২৫.০০২.২৪-১৫

তারিখ: ০৮ জানুয়ারি ২০২৪ খ্রিষ্টাব্দ

বিষয়: সূচি মোতাবেক খাদ্য ভিত্তিক পুষ্টি (ফলিত পুষ্টি) বিষয়ে প্রশিক্ষণ বাস্তবায়ন প্রসংগে।

বারটান রোডম্যাপ ২০২৩-২৪ অনুযায়ী উপর্যুক্ত বিষয়ে ০২ (দুই) ব্যাচে ৩ দিন ব্যাপী খাদ্য ভিত্তিক পুষ্টি বিষয়ক প্রশিক্ষণ কার্যক্রম আগামী ১৬-১৮ জানুয়ারি ২০২৪ খ্রি: তারিখে কাজিপুর, সিরাজগঞ্জ এর প্রশিক্ষণার্থীদের উপজেলা কৃষি কর্মকর্তার কার্যালয়, কাজিপুর, সিরাজগঞ্জ এ বাস্তবায়নের সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে। উক্ত প্রশিক্ষণে প্রশিক্ষণার্থীর ধরণ, সংখ্যা এবং প্রশিক্ষণ বাস্তবায়নের তারিখ ও স্থান নিয়ে উল্লেখ করা হলো:

ব্যাচ নং	প্রশিক্ষণার্থীর ধরণ	প্রশিক্ষণার্থীর সংখ্যা	প্রশিক্ষণ বাস্তবায়ন	
			তারিখ	স্থান
১ম ব্যাচ	নতুন নিয়োগপ্রাপ্ত এসএএও সর্বোচ্চ-১০ জন, স্কুল/মাদ্রাসার শিক্ষক (বিজ্ঞান/কৃষি বিভাগের) সর্বোচ্চ-১৪ জন, মৎস্য ও প্রাণীসম্পদ বিভাগের মাঠ কর্মী (একজন করে)-০২ জন, ইমাম, পুরোহিত, এনজিও কর্মী-০৩ জন, তথ্য আপা-০১ জন	৩০ জন	১৬-১৮ জানুয়ারি ২০২৪ খ্রি:	প্রশিক্ষণ কক্ষ, উপজেলা কৃষি কর্মকর্তার কার্যালয়, কাজিপুর, সিরাজগঞ্জ।
২য় ব্যাচ	কৃষাণ-কৃষাণী (প্রাণী সম্পদ-০৬, মৎস্য বিভাগ-০৬, কৃষি বিভাগ-১৮ জন)	৩০ জন		প্রশিক্ষণ উপজেলা পরিষদ মিলনায়তন, কাজিপুর, সিরাজগঞ্জ।

* উল্লেখ্য যে প্রশিক্ষণার্থীর সংখ্যা প্রকারভেদে কম বা বেশি হতে পারে

মন্ত্রণালয়ের প্রশিক্ষণ নীতিমালা অনুযায়ী অংশগ্রহণকারী সকলেই মাথাপিছু দৈনিক ৫০০/- (পাঁচশত) টাকা হারে প্রশিক্ষণ ভাতা প্রাপ্য হবেন। প্রত্যেক রিসোর্স পার্সন (বারটানের কর্মকর্তা ব্যতিত) পাঠ দানের জন্য ঘণ্টা প্রতি ১০০০.০০/- (এক হাজার) টাকা হারে সম্মানী ভাতা প্রাপ্য হবেন। দুইটি ব্যাচ আলাদা আলাদা ভেন্যুতে আয়োজন করতে হবে (পূর্বে যারা এ প্রশিক্ষণ গ্রহণ করেছেন পুন:রায় সে সকল ব্যক্তিকে মনোনয়ন দেয়া যাবেনা)। এই প্রশিক্ষণের প্রশিক্ষণার্থী নির্বাচন, প্রশিক্ষণের রিসোর্স পার্সন মনোনয়ন সহ আয়োজনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য বিনীত অনুরোধ করা হলো।

✓ 

(ড. মো: ছাদেকুল ইসলাম)

উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা ও প্রধান
বারটান আঞ্চলিক কার্যালয়, সিরাজগঞ্জ

উপজেলা কৃষি কর্মকর্তা
কাজিপুর, সিরাজগঞ্জ।

অনুলিপি সদয় অবগতির জন্য: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- ০১। পরিচালক (প্রশাসন ও অর্থ), বারটান প্রধান কার্যালয়, বিশনন্দী, আড়াইহাজার, নারায়ণগঞ্জ।
- ০২। অধ্যক্ষ (ভারপ্রাপ্ত) বারটান বারটান প্রধান কার্যালয়, , বিশনন্দী, আড়াইহাজার, নারায়ণগঞ্জ।
- ০৩। নির্বাহী পরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী (ইহা নির্বাহী পরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ০৪। বারটান প্রধান/আঞ্চলিক কার্যালয় নোটিশ বোর্ড ও ওয়েব সাইটে প্রকাশের জন্য সংশ্লিষ্ট সকলকে বলা হলো।
- ০৫। গাড়াচালক, আঞ্চলিক কার্যালয়, সিরাজগঞ্জ।